# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 06-07-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) গ্রামোন্নয়ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে আগামী ১৪-ই জুলাই কেন্দ্রের ডাকা বৈঠকে এরাজ্যকেও আমন্ত্রণ জানানো হয়েছে। আবাস যোজনা ও ১-শো দিনের কাজের প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্যের বকেয়া অর্থের বিষয়টি বৈঠকে উত্থাপন করা হবে বলে জানা গেছে।

২) ভারত কেশরী ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৪-তম জন্মজয়ন্তী সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হচ্ছে।

৩) রাজ্যজুড়ে আজ যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাব গাম্ভির্যের মধ্য দিয়ে মহরম পালিত হচ্ছে।

৪) কাটোয়া বিস্ফোরণ কান্ডে পুলিশ এপর্যন্ত ৬ জনকে গ্রেফতার করেছে।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ায় দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় আজ এবং আগামীকাল ভারী বৃষ্টির সম্ভাবনা।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

গ্রামোন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে কেন্দ্র আগামী ১৪ই জুলাই বিভিন্ন রাজ্যের সঙ্গে বৈঠকে বসছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের কাজ পর্যালোচনা কমিটির ডাকা দুই দিনের এই বৈঠকে যোগ দিতে অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

আবাস যোজনা, ১০০ দিনের কাজ সহ বিভিন্ন প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্যের বকেয়া অর্থ নিয়ে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিনিধিরা এই বৈঠকে সরব হবে বলে মনে করা হচ্ছে। কলকাতা হাইকোর্ট আগামী মাস থেকে রাজ্যে ১০০ দিনের কাজ চালু করার যে নির্দেশ দিয়েছে বৈঠকে তা নিয়েও আলোচনা হতে পারে বলে নবান্ন সূত্রের খবর।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

পড়শোনার পাশাপাশি দৈনন্দিন জীবনের নিত্য প্রয়োজনীয় সামগ্রী সম্পর্কে শিশুদের পরিচয় করাতে রাজ্য সরকার, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির জন্য প্রাক বিদ্যালয় শিক্ষা সংক্রান্ত কিট কেনার সিদ্ধান্ত নিয়েছে। বিভিন্ন অক্ষরের ব্লক, খেলনা, স্লেট, মাটি ও প্লাস্টিক দিয়ে তৈরি ফল, সবজির মতো সামগ্রীর এই কিট কিনতে প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য নারী, শিশু ও সমাজ কল্যাণ দপ্তর তিন হাজার টাকা করে বরাদ্দ করেছে বলে জানা গিয়েছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথাযথ মর্যাদায় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৪-তম জন্মজয়ন্তী পালিত হচ্ছে। সকালে বিজেপির সদর কার্যালয়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানে মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সহ রাজ্য নেতৃত্ব। পরে লেকটাউনে শ্যামাপ্রসাদ জয়ন্তীর এক অনুষ্ঠানে শ্রী ভট্টাচার্য পশ্চিমবঙ্গ গঠনে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের অবদানের উল্লেখ করে বলেন, শ্যামাপ্রসাদ না থাকলে এরাজ্য আরও টুকরো হয়ে যেতো। পশ্চিমবঙ্গ বাঁচলে তবেই তৃণমূল কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলের অস্তিত্ব থাকবে। শাসক দল তৃণমূল কংগ্রেসের উদ্দেশ্যে তিনি রাজনীতি করার আগে দেশকে বাঁচানোর আবেদন জানান।

বাইট-শমীক

রেড রোডেও এক অনুষ্ঠানে শ্যামাপ্রসাদের মূর্তির পাদদেশে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিজেপি-র রাজ্য নেতৃত্ব।

বিধানসভাতে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি পরিষদীয় দলের সদস্যরা।

পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা অভিযোগ করেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে ভুলিয়ে দেওয়ার জন্য ২০শে জুন পশ্চিমবঙ্গ দিবস পালন করার পরিবর্তে পয়লা বৈশাখ তা পালন করছে রাজ্য সরকার।

এদিকে, বর্ধমানে দলীয় কার্যালয়ের এক অনুষ্ঠানে শ্রী অধিকারী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আবক্ষ মূর্তি অনাবরণ করেন। সেখানে রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়।

পরে সাংবাদিকদের কাছে কাটোয়ার বিস্ফোরণ নিয়ে তিনি বলেন, গোটা রাজ্য জেহাদি জঙ্গিতে ভরে গেছে। এরাজ্যে জামাত-হিজবুল-আইসিস- এই সব তৃণমূল কংগ্রেসের সৃষ্টি বলে তিনি অভিযোগ করেন। কেন্দ্রকে জায়গা না দেওয়ায় সীমান্ত এলাকায় ৫৪০ কিলোমিটার বেড়া নেই। সেখান থেকেই এধরনের বাংলাদেশীরা এরাজ্যে ঢুকে হাজারি মাদ্রাসা তৈরি করছে। হরিহরপাড়া ক্যানিং-এ দু-জন ধরা পড়েছে। বীরভূম থেকেও প্রচুর জিলেটিন স্টিক উদ্ধার করা হয়েছে। এই সরকারের আমলে দুর্নীতির পাশাপাশি এরাজ্য জঙ্গিতে ভরে গেছে বলে বিরোধী নেতা মন্তব্য করেন।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। পরে এক্স হ্যান্ডেলে তিনি বলেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আদর্শ,সংকল্প এবং রাষ্ট্রের জন্য আত্মত্যাগ জাতীয় চেতনার পথপ্রদর্শক।

রাজ্যের বিভিন্ন জেলা থেকেও শ্যামাপ্রসাদ জয়ন্তীর খবর পাওয়া গেছে। নদীয়ার ফুলিয়া, দিকনগর সহ বিভিন্ন স্থানে রক্তদান শিবির সহ নানা কল্যাণমূলক কর্মসূচীর সূচনা হয়। সাংসদ জগন্নাথ সরকার, বিধায়ক পার্থ সারথী চট্টোপাধ্যায় সহ দলীয় নেতৃত্ব উপস্থিত ছিলেন।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

দক্ষিণ কলকাতা আইন কলেজে ছাত্রীকে গণ ধর্ষণ এবং আর জি কর কান্ডের প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আগামী ১০-ই জুলাই লাল বাজার অভিযানের ডাক দিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানিয়েছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে থেকে ওই দিন অভিযান শুরু হবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যের ভাবগম্ভীর পরিবেশে মহরম পালিত হচ্ছে। আশুরার দিনে ইমাম হুসেনের কারবালার আত্মবলিদানকে স্মরণে রেখে কলকাতার বিভিন্ন প্রান্তে শোক মিছিল ও তাজিয়া দুলদুল বের হয়। সূর্যসেন স্ট্রিট, রাজাবাজার, বেলেঘাটা, টালিগঞ্জ, খিদিরপুর—সহ একাধিক এলাকায় এই উপলক্ষ্যে প্রচুর মানুষ ভিড় জমান। পুরনো ধর্মীয় ঐতিহ্য মেনে নাখোদা মসজিদ থেকেও বের হয় মহরমের তাজিয়া।

কোনওরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে গোটা শহরে অতিরিক্ত আড়াই হাজার পুলিশ মোতায়েন করা হয়েছে। শহরের গুরুত্বপূর্ণ শোভাযাত্রার রুটে মোতায়েন রয়েছে RAF ও লালবাজারের কুইক রেসপন্স টিম।

গতকাল থেকেই শহরের একাধিক রাস্তায় ট্র্যাফিক নিয়ন্ত্রণ করা হচ্ছে।

মুর্শিদাবাদ, মালদা সহ বিভিন্ন জেলাতেও শোকের আবহে পালিত হচ্ছে মহরম। মালদার ইংরেজবাজার ব্লকের সাতটারি গ্রামে পবিত্র মহরম উপলক্ষ্যে তাজিয়া সহকারে অনুষ্ঠিত হয় লাঠি খেলা ও এক বর্ণাঢ্য শোভাযাত্রা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পবিত্র মহরমে সকলকে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আর্জি জানিয়েছেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, মহরম এর পবিত্র দিনটি ভাতৃত্ব বোধ, ভালোবাসা ও সৌহার্দের নিদর্শন।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

রথযাত্রা এবং মহরমের জন্য কলকাতায় ভারী যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি হওয়ায় **১৯** নম্বর জাতীয় সড়কে কলকাতাগামী পন্যবাহী গাড়ি শনিবার রাত থেকে দাঁড়িয়ে আছে বলে ট্রাক চালকরা জানিয়েছেন। আসানসোল থেকে দুর্গাপুর হয়ে পানাগড় পর্যন্ত ট্রাক-ট্রেলার এবং ডাম্পার রাস্তায় দাঁড়িয়ে। ছোটো গাড়ি থেকে বাস সার্ভিস রোড দিয়ে চলাচল করছে। চালকরা পানীয় জল এবং খাবারের অভাবে ভোগান্তিতে পড়েছেন। সোমবার দুপুর পর্যন্ত এই নিষেধাজ্ঞার নির্দেশ রয়েছে বলে আসানসোল – দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে জানানো হয়েছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

পূর্ব বর্ধমানের কাটোয়ার রাজুয়া গ্রামে বোমা বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় পুলিশ আরও ৫ জনকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় ৬ জনকে গ্রেপ্তার করা হল। ধৃতদের মধ্যে রয়েছে বাড়ির মালিক আবু তাহের ওরফে হাসু এবং অনুপ কায়িম সেখ ওরফে পিনু, নজরুল মোল্লা, জোমেইদ এবং জামির শেখ। ধৃতদের আজ কাটোয়া মহকুমা আদালতে তোলা হলে জামির শেখের পাঁচ দিনের পুলিশ হেফাজত এবং বাকি চারজনের ১৪ দিনের জেল হেফাজত হয়েছে। এই ঘটনায় পুলিশ আগেই আহত তুফান চৌধুরীকে গ্রেফতার করে। যদিও বর্তমানে সে হাসপাতালে চিকিৎসাধীন।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

ওড়িশার বালিকুদার বালিশ্বর এলাকায় ভাষাগত সমস্যার কারণে পুলিশের হাতে আটক মূর্শিদাবাদ জেলার তিন পরিযায়ী শ্রমিক দৌলতাবাদ থানার তৎপরতায় ঘরে ফিরে এসেছে। বাংলাদেশী সন্দেহে এদের আটকে রাখা হয়েছিল।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

দক্ষিণ – পশ্চিম কলকাতার বেহালার সখেরবাজার এলাকায় মদের আসরে অশান্তির জেরে এক তরুণের মৃত্যুতে আজ সকালে উত্তেজনা ছড়ায়। বাপী অধিকারী নামে মৃত ওই যুবক সহ চার বন্ধু রাতভর মদ খাওয়ার পর আজ সকালে তাদের মধ্যে গন্ডগোল শুরু হয়ে যায়। এক যুবক

মার খেয়ে তার বাবাকেও ডেকে আনে। বাপীকে ওই যুবক ও তার বাবা ব্যাপক মারধোর করে বলে অভিযোগ। বিদ্যাসাগর স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাকে মৃত ঘোষণা করা হয়। অভিযুক্ত যুবক ও তার বাবাকে গ্রেফতার করা হয়েছে। বাজারের সিসিটিভি দেখে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

রাজ্যের দুই দাবাড়ু সর্বার্থ মনী ও ঐশিক মন্ডল আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় সফল হওয়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তাদের শুভেচ্ছা জানিয়েছেন। বিশ্ব দাবা ফেডারেশনের উদ্যোগে জর্জিয়ার বাতুমিতে আয়োজিত অনূর্ধ্ব ১০ বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপে রাজ্যের এই দুই দাবাড়ু সোনা ও রূপ জয় করায় আজ তিনি সমাজ মাধ্যমে তাদের অভিনন্দন জানিয়েছেন।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন এলাকার ওপর আজ একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হয়েছে, যা আগামী দু-তিন দিনে উত্তর-পশ্চিম দিকে ঝাড়খন্ড এবং উত্তর ছত্রিশগড় অভিমুখে অগ্রসর হবে। এর ফলে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ ও আগামীকাল ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট-সৌরিশ)

দক্ষিণ ২৪ পরগনা, ঝাড়গ্রাম ও পূর্ব মেদিনীপুর জেলায় আজ কমলা সতর্কতা রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০